গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা
www.ssd.gov.bd

# 'মুজিববর্ষ' উপলক্ষ্যে সুরক্ষা সেবা বিভাগ ও এর অধীন অধিদপ্তরসমূহের কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি ও ভবিষ্যত করণীয় দিক-নির্দেশনা বিষয়ক সভার কার্যবিবরণী

সভাপতিঃ : মোঃ শহিদুজ্জামান, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

তারিখ ও সময়ঃ : ২১ জানুয়ারি, ২০২১ বেলা ০২.৩০ মিনিট
স্থানঃ : সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ : পরিশিষ্ট 'ক'

সভাপতি সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি বিশ্ব শান্তির অগ্রপ্রতিক অনন্যসাধারণ বৈশ্বিক ব্যক্তিত্বের অধিকারী, অবিসংবাদিতভাবে সর্বোচ্চ মহিমান্বিত আসনে দেদীপ্যমান অভ্রভেদী উচ্চতার ব্যক্তিত্বসম্পন্ন বিশ্ববন্ধু সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি গভীর শ্রদ্ধা জানান। তিনি আরো শ্রদ্ধা জানান, বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিবসহ তাঁর পরিবারবর্গকে যাঁদেরকে ১৫ই আগস্টের কালোরাতে নির্মম ভাবে হত্যা করা হয়েছে। তিনি মহান মুক্তিযুদ্ধের শহিদ বীর মুক্তিযোদ্ধা ও তাঁদের পরিবারবর্গ, বীরাঙ্গনা ও বীর মুক্তিযোদ্ধাদের প্রতিও গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। সভাপতি জানান প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত মুজিববর্ষে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচি বাস্তবায়ন অগ্রগতি ও ভবিষৎ করণীয় সংক্রান্ত পর্যালোচনার সভার অনুমোদিত কার্যবিবরণীর আলোকে সুরক্ষা সেবা বিভাগ সম্পর্কিত বিষয়াদি যথাযথভাবে তুলে ধরার জন্য এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহ বদ্ধপরিকর। তিনি অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)-কে আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ জানান।

২। অতঃপর অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। বিভিন্ন বিষয়ের ওপর অনুষ্ঠিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ :

| ক্র. | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.১ | বিগত ৫০ বছরে বাংলাদেশের সফল উন্নয়ন অভিযাত্রায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উন্নয়ন দর্শন, তাঁর উদ্যোগসমূহ এবং এর উপর ভিত্তি করে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গৃহীত কার্যক্রম দেশে ও আন্তর্জাতিক পরিমন্ডলে কার্যকরভাবে উপস্থাপন করা হবে। | • সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহকে বিগত ৫০ বছরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উন্নয়ন দর্শন, তাঁর উদ্যোগসমূহ এবং এর উপর ভিত্তি করে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গৃহীত কার্যক্রম সুস্পষ্টভাবে তুলে ধরতে হবে।<br>• গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গৃহীত কার্যক্রম দেশে ও আন্তর্জাতিক পরিমন্ডলে কার্যকরভাবে উপস্থাপন করার যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>• বিগত ১(এক) যুগের অর্জন যথাযথভাবে উল্লেখপূর্বক প্রতিবেদন তৈরি করতে হবে।<br>• স্ব স্ব অধিদপ্তরকে বর্তমান সরকারের আমলে নিজস্ব অর্জনের সারাংশ তৈরি করতে হবে। | • সংশ্লিষ্ট শাখা/অনুবিভাগ প্রধান<br>• সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান |

| | | | |
|---|---|---|---|
| | | • কারাবন্দি থাকা অবস্থায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক পঠিত বইয়ের তালিকা, ব্যবহৃত কাগজ, আত্মীয় স্বজন ও রাজনৈতিক কর্মীদের প্রতি প্রেরিত চিঠিপত্র, জেল কার্ড ইত্যাদি যা যা খুঁজে বের করা সম্ভব তা খুঁজে বের করতে হবে।<br><br>• কারা মহাপরিদর্শক কর্তৃক এ বিষয়ে একটি 'সার্চ কমিটি' গঠন করা।<br><br>• ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সকল কার্যক্রম ও বর্তমান সরকারের আমলে অভাবনীয় অর্জনসমূহ সুস্পষ্টভাবে তুলে ধরা।<br><br>• ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের নিকট সংরক্ষিত বঙ্গবন্ধুর ব্যবহৃত হাতে লেখা পাসপোর্টসহ সকল তথ্যাদি সুস্পষ্টভাবে তুলো ধরা।<br><br>• হাতে লেখা পাসপোর্ট থেকে এমআরপি, পরবর্তীতে ই-পাসপোর্ট ইত্যাদি বিষয়ে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের অর্জনসমূহে মাননীয় প্রধানমন্ত্রীর ভূমিকা ও দূরদর্শী সিদ্ধান্ত তুলে ধরা।<br><br>• বর্তমান সরকারের সময়কালে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভাবনীয় সাফল্য, গুরুত্বপূর্ণ অর্জন ইত্যাদি বিষয়ে অর্জিত সাফল্য তুলে ধরা। | |
| ১.২ | মন্ত্রণালয়/বিভাগসমূহ নিম্নোক্তগুচ্ছে ভাগ হয়ে এ কার্যক্রম সম্পাদন করবে। কার্যবিবরণীতে সুরক্ষা সেবা বিভাগকে ক্রমিক-৮ এ রাখা হয়েছে। | • জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বরাষ্ট্র মন্ত্রী থাকাকালে (১১.০১.১৯৭২ থেকে ১২.০৪.১৯৭২) তাঁর কার্যকালে স্বাক্ষরিত চিঠিপত্র, কোন দলিল এবং কোন স্মারক, স্মৃতি থাকলে তা খুঁজে বের করার যথাযথ ব্যবস্থা গ্রহণ করা। **[কোন কর্মকর্তা/কর্মচারী এ সময়ে স্মৃতিবিজড়িত কোন কিছু খুঁজে বের করতে পারলে তাঁকে উপযুক্ত পুরস্কার প্রদান করা হবে]।** | • সংশ্লিষ্ট শাখা/অনুবিভাগ প্রধান<br><br>• সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান |
| ১.৩ | প্রিন্টিং ও অডিও ভিজ্যুয়ালের মাধ্যমে ডকুমেন্টেশন, সভা-সেমিনার আয়োজন, আন্তর্জাতিক সোস্যাল মিডিয়ায় প্রকাশ, বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার অধিবেশন সভা চলাকালিন সাইড ইভেন্ট আয়োজন করা হবে। | • টানা ১২ বছরের কিংবা ১ যুগ সাফ্যলের উল্লেখযোগ্য বিষয়াদি নিয়ে অডিও ভিজ্যুয়ালের মাধ্যমে ডকুমেন্টেশন তৈরি করা।<br><br>• বঙ্গবন্ধুর দর্শন ও বর্তমান সরকারের সাফল্য উল্লেখ করে আন্তর্জাতিক এবং জাতীয় পর্যায়ে সভা-সেমিনার ইত্যাদির আয়োজন করা।<br><br>• বৈদেশিক মিশনসহ আন্তর্জাতিক সোস্যাল মিডিয়ায় প্রকাশ, বিভিন্ন আন্তর্জাতিক | • সংশ্লিষ্ট শাখা/অনুবিভাগ প্রধান<br><br>• সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান |

<table>
<tr><td></td><td></td><td>সংস্থার অধিবেশন সভা চলাকালীন সাইড ইভেন্ট আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।</td><td></td></tr>
<tr><td>১.৪</td><td>আগামী ২৫ জানুয়ারি ২০২১ সালের মধ্যে লীড মন্ত্রণালয়/বিভাগসমূহ তাদের কর্মপন্থা প্রস্তুতপূর্বক প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করবে।</td><td>• ২৪.০১.২০২১-এর মধ্যে সকল অধিদপ্তর কর্তৃক গৃহীত কর্মপন্থা প্রস্তুত করে এ বিভাগের প্রশাসন-১ শাখায় প্রেরণ করা।</td><td>• সংশ্লিষ্ট শাখা/অনুবিভাগ প্রধান<br>• সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান</td></tr>
<tr><td>১.৫</td><td>কমিটি গঠনঃ</td><td>• জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে ঘোষিত 'মুজিববর্ষ'-এর গৃহীত কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি ও ভবিষ্যৎ করণীয় সংক্রান্ত ২১ জানুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠিত পর্যালোচনা সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রিন্টিং ও অডিও ভিজ্যুয়ালের মাধ্যমে ডকুমেন্টেশন, সভা-সেমিনার আয়োজন, আন্তর্জাতিক সোস্যাল মিডিয়ায় প্রকাশ, বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার অধিবেশন চলাকালীন সাইড ইভেন্ট আয়োজন কার্যক্রম বাস্তবায়ন এবং মুজিব বর্ষের কর্মপন্থা প্রস্তুতপূর্বক প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণের লক্ষ্যে নিম্নরূপে একটি কমিটি গঠন করা হয়ঃ<br>
<table>
<tr><th>কর্মকর্তার পদবি</th><th>কমিটিতে পদ</th></tr>
<tr><td>ড. তরুণ কান্তি শিকদার, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ)</td><td>আহ্বায়ক</td></tr>
<tr><td>অতিরিক্ত সচিব (কারা অনুবিভাগ)</td><td>সদস্য</td></tr>
<tr><td>অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)</td><td>সদস্য</td></tr>
<tr><td>অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ)</td><td>সদস্য</td></tr>
<tr><td>অতিরিক্ত সচিব (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ)</td><td>সদস্য</td></tr>
<tr><td>যুগ্মসচিব (আইন ও শৃঙ্খলা অনুবিভাগ)</td><td>সদস্য</td></tr>
<tr><td>যুগ্মসচিব (অগ্নি অনুবিভাগ)</td><td>সদস্য</td></tr>
<tr><td>ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার নিম্নে নয়)</td><td>সদস্য</td></tr>
<tr><td>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের</td><td>সদস্য</td></tr>
</table></td><td>• সংশ্লিষ্ট কমিটি</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার নিম্নে নয়) | | |
| | | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার নিম্নে নয়) | সদস্য | |
| | | কারা অধিদপ্তরের প্রতিনিধি (কারা উপ-মহাপরিদর্শক পদমর্যাদার নিম্নে নয়) | সদস্য | |
| | | জনাব জাহিদুল ইসলাম, উপসচিব (অগ্নি-১) | সদস্য-সচিব | |
| | | • সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক গৃহীত কার্যক্রম ও কর্মপন্থা যথাসময়ে প্রেরণসহ সার্বিক কার্যক্রম তদারকি করা। | | |

- অতঃপর সভাপতি উল্লেখ করেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের পর পরই 'সোনার বাংলা' গড়ার লক্ষ্যে যে ভিত রচনা করেছিলেন, সেই মজবুত ভিতকে অবলম্বন করে বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে উন্নীত করেছেন এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশের সোপানে উন্নীত করার লক্ষ্যে সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। এ লক্ষ্যকে সামনে রেখে সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের কার্যক্রম আরো বেগবান করতে হবে। সভায় আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শহিদুজ্জামান
সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।